# অনলাইন ফরম পূরণ ও অন্যান্য সাধারণ নির্দেশনাবলী

## নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রকাশিত ৯ তম হতে ২০ তম বেতন গ্রেডে আবেদনকারী প্রার্থীদের জন্য প্রযোজ্য

১। **অনলাইনে আবেদন ফরম পূরণ:** প্রার্থীকে টেলিটকের **Web address: http://cnp.teletalk.com.bd** এর মাধ্যমে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়সীমার মধ্যে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে Online Registration কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্দেশনা মোতাবেক পরীক্ষার ফি প্রদানের হার ও পদ্ধতিটি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২। **বয়স:** আবেদনকারীর বয়স ৩১/১২/২০২০ তারিখে ১৮ বছর থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। শুধু মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য বয়স সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। **জাতীয়তা:**

ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) যে সকল প্রার্থী কোন অ-বাংলাদেশী নাগরিককে বিবাহ করেছেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতবদ্ধ হয়েছেন, সে সকল প্রার্থী সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। প্রযোজ্য ক্ষেত্রে অনুমতিপত্র মৌখিক পরীক্ষার পূর্বে অবশ্যই দাখিল করতে হবে।

৪। **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইনে আবেদনের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য বা তার অংশ বিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল এবং ভবিষ্যতে সরকার কর্তৃক গৃহীতব্য যে কোন নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত ডিক্লারেশন অনুযায়ী প্রিলিমিনারি/নির্বাচনী পরীক্ষার জন্য সাময়িকভাবে যোগ্য বিবেচনা করে প্রবেশপত্র প্রদান কারা হবে। **কোন প্রার্থী অনলাইনে প্রদত্ত তথ্য ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ যথাযথ সনদ/প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষার পূর্বে দাখিল করতে ব্যর্থ হলে বা কোন অযোগ্যতা ধরা পড়লে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।**

৫। **ছবি (Photo):** আবেদন ফরম সাফলভাবে পূরণ সম্পন্ন হলে Application Preview দেখা যাবে। Preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্যxপ্রস্থ) 300x300 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 100 KB এর বেশি নয়, প্রার্থীকে এরূপ মাপের নিজের রঙীন ছবি Scan করে .jpg Format এ Upload করতে হবে। সাদাকালো ছবি গ্রহণযোগ্য নয়। ছবি উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাস সহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home Page এর Help Menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

৬। **স্বাক্ষর (Signature):** Application Preview তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে (দৈর্ঘ্যxপ্রস্থ) 300x80 Pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 60 KB এর বেশি গ্রহণযোগ্য নয়, প্রার্থীকে এরূপ মাপের নিজের স্বাক্ষর Scan করে .jpg Format এ Upload করতে হবে। স্বাক্ষর উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭। **প্রবেশ পত্র (Admit Card):**

(ক) প্রার্থী তার User ID এবং Password ব্যবহার করে প্রার্থীত ছবি ও রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত প্রবেশপত্র (Admit Card) Download করে নিতে পারবেন। প্রবেশপত্র Download এর শুরুর তারিখ ও সময় যথাসময়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

(খ) কোন প্রার্থী Online-এ আবেদন ফরম পূরণ করে ফি জমাদান সম্পন্ন করলে তার আবেদন চূড়ান্তভাবে গৃহীত হয়েছে বলে গণ্য হবে। প্রার্থী মিথ্যা, ভিন্ন/ভুল তথ্য দিয়ে একটি পদের বিপরীতে একাধিকবার ফরম পূরণ করে একাধিক Admit Card গ্রহণ করলে প্রক্রিয়ায়ণের যে কোন স্তরে জালিয়াতি প্রমাণিত হলে এরূপ প্রার্থীর সামগ্রিক প্রার্থীতা বাতিল হবে এবং ভবিষ্যতে আবেদনের জন্য অযোগ্য ঘোষিত হবে এবং উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৮। **প্রয়োজনীয় সনদ/কাগজপত্র উপস্থাপনপূর্বক জমাদানঃ** প্রিলিমিনারি/নির্বাচনী, লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক ও মেডিকেল টেস্টে উত্তীর্ণ প্রার্থীগণকে সাক্ষাৎকারের জন্য আহবান করা হবে। সাক্ষাৎকারের পূর্বে প্রার্থীগণ নিম্নোক্ত সনদ/ডকুমেন্টসের মূল কপি উপস্থাপনপূর্বক একটি করে সত্যয়িত কপি জমা দিবেন:

(৮.১) **শিক্ষাগত যোগ্যতা** প্রমাণের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত মূল/সাময়িক সকল সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। মূল সনদ প্রদানে অপারগ হলে সাময়িক সনদ গৃহীত হবে।

(৮.২) চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান ডিগ্রিধারী প্রার্থীদের জমাকৃত সনদ/মার্কশিট/টেস্টিমোনিয়াল-এ যদি ৪ বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান উল্লেখ না থাকে তবে অর্জিত ডিগ্রি ৪ বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি অবশ্যই জমা দিতে হবে। অন্যথায়, তাদের অর্জিত ডিগ্রি ৩ বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে।

(৮.৩) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি।

(৮.৪) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।

(৮.৫) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(৮.৬) ক) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যাদের পুত্র-কন্যা হলে **মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়** কর্তৃক জারিকৃত ২৬-০২-২০০২ তারিখের মুঃবিঃম/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন মোতাবেক **মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের** ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত কপি।

অথবা

**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের** ০১/০২/২০০৯ তারিখের মুবিম/সনদ-১/প্র-৩/৩১/০২/১৪০ নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহীর মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

খ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯.০৬.২০১৭ তারিখের ৭৭২ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী মুক্তিযোদ্ধার নাম সংবলিত **'লাল মুক্তিবার্তা'** অথবা **'ভারতীয় তালিকা'র** সত্যায়িত কপি জমা দিতে হবে। আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত **'লাল মুক্তিবার্তা'** অথবা **'ভারতীয় তালিকা'র** কিংবা উপস্থাপিত উভয় তালিকার সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

গ) কোন মুক্তিযোদ্ধার নাম **'লাল মুক্তিবার্তা'** অথবা **'ভারতীয় তালিকায়'** না থাকলে প্রার্থীকে মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সংবলিত (I) গেজেট ও সাময়িক সনদ অথবা (II) গেজেট ও বামুস সনদ অথবা (III) গেজেট, সাময়িক সনদ ও বামুস সনদের কপি জমা দিতে হবে।

ঘ) মুক্তিযোদ্ধার বয়স ৩০/১১/১৯৭১ তারিখ বা তার পূর্বে ন্যূনতম ১২ বছর ৬ মাস ছিল মর্মে মুক্তিযোদ্ধার বয়সের প্রমাণক/ডকুমেন্টস হিসেবে মুক্তিযোদ্ধা সনদধারীর জন্ম তারিখ সংবলিত এসএসসি বা সমমানের সনদ, এসএসসি বা সমমানের পরীক্ষায় পাস না হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র/জন্ম তারিখ সংবলিত প্রামাণিক দলিলের সত্যায়িত কপি জমা দিতে হবে।

ঙ) স্থানীয় সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার ওয়ারিশন সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশপত্রে তার প্রতিস্বাক্ষর থাকবে এবং মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশপত্রে কমপক্ষে ০১ (এক) জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকবে।

চ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬-০১-২০১১ তারিখের ০৫.১৭০.০২২.০৭.০১.০২৪.২০১০-২৬ নং সার্কুলার অনুযায়ী উপযুক্ত প্রার্থী হিসেবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যাদের পুত্র ও কন্যাগণ মুক্তিযোদ্ধা কোটায় বিবেচিত হবেন।

ছ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মূল সার্টিফিকেটের সত্যায়িত কপি জমা দিতে হবে।

জ) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যাদের পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীদের পিতা/পিতামহ/পিতামহীর/মাতা/মাতামহ/মাতামহীর মুক্তিযোদ্ধার সনদে উল্লিখিত ঠিকানা সংশ্লিষ্ট প্রার্থী কর্তৃক অনলাইন আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানা হতে ভিন্ন হলে মুক্তিযোদ্ধা সনদে উল্লিখিত মুক্তিযুদ্ধকালীন ঠিকানার স্বপক্ষে এবং পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌর চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত দু'টি ভিন্ন ভিন্ন প্রত্যায়নপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।

(৮.৭) শারীরিক প্রতিবন্ধী কোটায় আবেদনকৃত প্রার্থীগণ সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক/ সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করবেন।

(৮.৮) নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত **১৪ তম হতে ২০ তম বেতন গ্রেডে** বর্ণিত পদ সমূহের ক্ষেত্রে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/এতিম/আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকৃত প্রার্থীগণকে স্ব-স্ব কোটার স্বপক্ষে নিম্নেবর্ণিত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে:

ক) প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি। **উল্লেখ্য, জেলা প্রশাসক ব্যতীত অন্য কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ গ্রহণ করা হবে না।**

খ) এতিম কোটায় আবেদনকৃত প্রার্থীগণ সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক/ সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করবেন।

গ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকৃত প্রার্থীগণকে **সাধারণ আনসার মৌলিক প্রশিক্ষণ/অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ/গ্রাম ভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ/ব্যাটালিয়ন আনসার মৌলিক প্রশিক্ষণ** সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(৮.৯) সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

(৮.১০) সরকারী, আধাসরকারী, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

বিঃ দ্রঃ আবেদন ফরম ও সংশ্লিষ্ট কাগজপত্র অনুপুঙ্খ যাচাইয়ের পর কেবল ত্রুটিমুক্ত আবেদনের বিপরীতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

৯। ক) **অনলাইন আবেদন ফরমের স্থায়ী ঠিকানার (Permanent Address) নির্ধারিত স্থানে উল্লিখিত ঠিকানা ও জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে তাকে চাকরিতে মনোনয়নের জন্য বিবেচনা করা হবে। এক্ষেত্রে প্রদত্ত তথ্য ভুল প্রমাণিত হলে প্রার্থিতা/মনোনয়ন/নিয়োগ বাতিল হবে।**

খ) প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা (Permanent Address) পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলাগণের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌর চেয়ারম্যান/মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার পূর্বে জমা দিতে হবে।

১০। প্রার্থীকে কেবল অনুমোদিত অনলাইন আবেদন ফরম পূরণ করে জমা দিতে হবে। মুদ্রিত কোন আবেদনপত্র জমাদানের কোন সুযোগ নেই।

১১। প্রার্থীর নাম ও পিতার নাম এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লিখা আছে, অনলাইনে আবেদন ফরমে ঠিক সেভাবে লিখতে হবে।

১২। যে কোন পর্যায়ে গুরুতর (Substantive) ত্রুটি ধরা পড়লে প্রার্থীতা বাতিল হবে।

১৩। **পরীক্ষা পদ্ধতি:** আবেদনকারীদের প্রিলিমিনারি/নির্বাচনী, লিখিত, প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক ও মেডিকেল টেস্ট এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। এসকল পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। প্রযোজ্য পদের ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞাপ্তিতে উল্লিখিত পরিমাপ অনুযায়ী প্রার্থীর শারীরিক যোগ্যতা (উচ্চতা ও বুকের পরিমাপ) মৌখিক পরীক্ষার পূর্বে যথাযথভাবে যাচাই করা হবে।

১৫। পরীক্ষার তারিখ, সময় ও আসন ব্যবস্থা যথাসময়ে ওয়েবসাইট সহ প্রার্থী কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

১৬। প্রার্থী মাদকাসক্ত প্রমাণিত হলে তিনি নিয়োগের অযোগ্য বিবেচিত হবেন।

১৭। কোন প্রার্থীর অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলে তা আবেদনে অবশ্যই উল্লেখ করতে হবে।

১৮। এই বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন শর্ত বা শর্তাংশ সম্পর্কে কোন প্রশ্ন উত্থাপিত হলে সংশ্লিষ্ট বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। তবে কোন বিষয়ে অনুল্লেখিত থাকলে অথবা ব্যাখ্যার প্রয়োজন হলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ ব্যাপারে প্রয়োজনীয় সিদ্ধান্ত দিবেন।

১৯। কর্তৃপক্ষ পদসংখ্যা হ্রাস/বৃদ্ধিসহ নিয়োগ সংক্রান্ত যাবতীয় ক্ষমতা সংরক্ষণ করেন।